গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট-৩য় পর্যায়) (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পে ২০২৫-২০২৬ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম মফিজুল ইসলাম
প্রকল্প পরিচালক, ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্প।

তারিখ ও সময় :

| তারিখ | সময় | জেলার নাম |
|---|---|---|
| ০৫-১১-২০২৫ | সকালঃ ১০.৩০ হতে | ঢাকা ও ময়মনসিংহ বিভাগের সকল জেলা |
| | বিকালঃ ৩.০০ হতে | চট্টগ্রাম ও সিলেট বিভাগের সকল জেলা |
| ০৬-১১-২০২৫ | বেলাঃ ১০.৩০ হতে | রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা |
| | বিকালঃ৩.০০ হতে | খুলনা ও বরিশাল বিভাগের সকল জেলা |

সভার স্থান : ভার্চুয়াল সভা

সভায় উপস্থিতি : জুম প্ল্যাটফর্মে ৬৪টি জেলার উপপরিচালকগণ ও ইমপ্যাক্ট প্রকল্পের জনবল উপস্থিত ছিলেন।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট-৩য় পর্যায়) (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পে ২০২৫-২০২৬ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে ০৫-১১-২০২৫ ও ০৬-১১-২০২৫ খ্রিঃ তারিখে জুম প্ল্যাটফর্মে প্রকল্প পরিচালক জনাব এ কে এম মফিজুল ইসলাম এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।

জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত আজকের এ সভায় প্রধান অতিথি হিসাবে যুব উন্নয়ন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রড-১) মহোদয় উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে মহাপরিচালক (গ্রড-১) মহোদয় তাঁর মূল্যবান দিক নির্দেশনামূলক বক্তব্যে বলেন, যুব উন্নয়ন কর্তৃক বাস্তবায়নাধীন ইমপ্যাক্ট প্রকল্পটি জনগুরুত্বপূর্ণ ও পরিবেশ বান্ধব প্রকল্প। বাংলাদেশের জ্বালানি সংকট মোকাবেলায়, পরিবেশ দূষণ হ্রাস এবং টেকসই উন্নয়নের লক্ষ্যে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে এ প্রকল্পটি একটি সম্ভাবনাময় উদ্যেগ। সঠিক ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে পারলে প্রকল্পটি যুব উন্নয়ন অধিদপ্তরকে আরো আলোকিত ও সুউচ্চ স্থানে নিয়ে যাবে। তিনি বলেন, প্রকল্পের যে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে তা বাস্তবায়নে সবাইকে সর্বাত্মক চেষ্টা করতে হবে এবং প্রকল্প বাস্তবায়নে কোনো সমস্যা হলে প্রকল্প পরিচালকের পরামর্শ নিয়ে তা দ্রুত সমাধান করতে হবে।

সভাপতি ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্পের প্রথম ভার্চুয়াল সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করেন। বায়োগ্যাস প্ল্যান্টের অক্টোবর/২০২৫ মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের অগ্রগতি, নভেম্বর/২০২৫ মাসের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কর্মপরিকল্পনা, ডিসেম্বর/২০২৫ মাস থেকে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে খামারীর তালিকা প্রণয়ন, বায়োগ্যাস পল্লীতে স্থাপিত প্ল্যান্ট সংখ্যা ইত্যাদি বিষয়ে উপপরিচালকগণের সাথে আলোচনা করেন। উপপরিচালকগণ বলেন যে, গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে তারা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

প্রকল্প পরিচালক সভাকে জানান, প্রকল্প বাস্তবায়নে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে ২০২৫-২০২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। পরিবেশ ও জলবায়ু বিষয়ক এ প্রকল্পটি যুব উন্নয়ন অধিদপ্তরের একটি সুন্দর প্রকল্প। প্রকল্পের জনবলের উপর এ প্রকল্পের ভবিষ্যৎ নির্ভর করে। যে এলাকায় প্ল্যান্ট স্থাপন করার উপযোগীতা বেশি সে এলাকাকে বেশি লক্ষ্যমাত্রা দেয়া হয়েছে। প্রকল্পের মাঠ পর্যায়ে ঋণ তহবিলের বর্তমান অবস্থা প্রতিবেদন আকারে সচিব মহোদয়কে অবহিত করতে হবে। বায়োগ্যাস পল্লী স্থাপন করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে অতি উচ্চ স্থানে নেওয়া সম্ভব। তাই সকলে একযোগে কাজ করে এই প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের পূর্বে সংগৃহীত খামারীর তালিকা সংশিষ্ট জেলা ও উপজেলার প্রাণি সম্পদ কর্মকর্তার সাথে যোগাযোগ পূর্বক খামারীদের সঠিকতা যাচাই করে তালিকা প্রণয়ন এবং উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।

CamScanner

যে সকল জেলা লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের অগ্রগতি কম হয়েছে তাঁর কারণ জেলার উপপরিচালকগণ সভা ব্যাখ্যা করেন।

,বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বায়োগ্যাস পল্লীতে কমপক্ষে ৩০টি প্ল্যান্ট স্থাপনের কার্যক্রম ফেব্রুয়ারি/২০২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

২। যে সকল জেলায় অক্টোবর/২০২৫ মাসে লক্ষ্যমাত্রা সম্পূর্ণ অর্জিত হয়নি (পরিশিষ্ট-'ক' তে উল্লেখিত/বর্ণিত) তা' নভেম্বর/২০২৫ মাসের লক্ষ্যমাত্রার সাথে যুক্ত করে বাস্তবায়ন করতে হবে।

৩। প্রকল্পের জনবলের পদ কোন জেলায় শূণ্য থাকলে কারণ উল্লেখ পূর্বক জরুরি ভিত্তিতে অবহিত করতে হবে।

৪। অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন ৩০ নভেম্বর/২০২৫ এর মধ্যে দাখিল করতে হবে।

৫। ঋণের কিস্তির টাকা যাদের হাতে গচ্ছিত আছে দ্রুত ব্যাংকে জমা প্রদান করে রশিদসহ প্রকল্পের PIU কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৬। উপজেলা ও জেলা পর্যায়ে ঋণের প্রতিবেদন মাসের প্রথম ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৭। প্ল্যান্ট স্থাপনে আগ্রহী খামারীদের মধ্যে দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

৮। ডিসেম্বর/২০২৫ হতে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত "উদ্বুদ্ধকরণ বিষয় প্রশিক্ষণ" প্রদানের জন্য জন্য প্রকৃত খামরীদের তালিকা দ্রুত প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। যে উপজেলায় ঋণ তহবিল বেশি কিন্তু বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে আগ্রহী খামারীর সংখ্যা কম, সেসকল উপজেলা থেকে ঋণ তহবিল সমন্বয় করে প্ল্যান্ট স্থাপনে আগ্রহী উপজেলায় ঋণ ফান্ড স্থানান্তরের প্রস্তাব অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

১০। উপপরিচালকগণের পরামর্শ/চাহিদা মোতাবেক ইমপ্যাক্ট প্রকল্পের 'ঋণের রিপোর্ট' তৈরিতে সহায়তা করার জন্য মাঠ পর্যায়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পত্র প্রেরণ করতে হবে।

১১। অধিদপ্তরের আর্ন প্রকল্পের মটরসাইকেল উপজেলা পর্যায়ে অব্যবহৃত অবস্থায় আছে। এই মোটরসাইকেল গুলো ইমপ্যাক্ট প্রকল্পের মাঠ পর্যায়ে কার্যক্রম তদারকির ব্যবহারের অনুমতি গ্রহণের লক্ষ্যে মহাপরিচালকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে অনুরোধ করতে হবে।

১২। যে সকল জেলায় প্রকল্পের কোনো পদে জনবল অন্যত্র চাকুরি নিয়ে চলে গিয়েছেন বা অফিসে একেবারেই আসেন না তাদের নিকট কোন হস্তমজুদ আছে কিনা তা PIU-কে জানিয়ে জনবলের জন্য চিঠি দিতে হবে।

১৩। ইমপ্যাক্ট প্রকল্পের ঋণের আদায়কৃত টাকা প্রকল্পের কিংবা রাজস্বের জনবলের নিকট থাকলে সুনির্দিষ্ট তথ্য সহ উপপরিচালকগণ প্রকল্প পরিচালককে অবহিত করবেন।

১৪। লালমনিরহাট জেলার দুইজন সিএস জনাব মোঃ হায়দার আলী-এর নিকট ঋণের কিস্তি আদায়কৃত ৩,৪৪,০০০/- (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা এবং জনাব মোছাঃ ইয়াসমিন বেগম-এর নিকট ঋণের কিস্তি আদায়কৃত ২,২৯,০০০/-(দুই লক্ষ উনত্রিশ হাজার)টাকা রয়েছে মর্মে উপপরিচালক সভাকে অবহিত করেন। উক্ত টাকা এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা দিতে হবে এবং প্রমাণিক প্রকল্প বরাবরে প্রেরণ করতে হবে।

১৫। প্রতি তিন মাসে একবার ইমপ্যাক্ট প্রকল্পের ঋণের হিসাব উপপরিচালকগণ পর্যালোচনা করবেন। কোন অসংঙ্গতি পরিলক্ষিত হলে সেই বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৬/১১/২০২৫

(এ কে এম মফিজুল ইসলাম)
প্রকল্প পরিচালক
'ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত)' প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

CamScanner

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৪. ১৪.০২৩.২২- ২৩৭০(ক)

তারিখঃ ২১ কার্তিক ১৪৩২ / ০৬ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক .........(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.........................(সকল) জেলা।
০৫। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৭। অফিস কপি।

(মোঃ হামিদুর রহমান)
উপপরিচালক
'ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত)' প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

CamScanner

পরিশিষ্ট-'ক'

ইমপ্যাক্ট -৩য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্পের অক্টোবর/২০২৫খ্রি. মাসের বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি এবং নভেম্বর মাসের লক্ষ্যমাত্রা।

| ক্রঃ নং | জেলা | লক্ষ্যমাত্রা (২০২৫-২০২৬) | স্থাপিত প্ল্যান্টের সংখ্যা (সেপ্টেম্বর/২৫ পর্যন্ত) | মাসের লক্ষ্যমাত্রা (অক্টোবর/২৫) | মাসের অগ্রগতি (অক্টোবর/২৫) | লক্ষ্যমাত্রা (নভেম্বর+পূর্ববর্তী মাস) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নভেম্বর/২৫ | অক্টো: মাসের অবশিষ্ট | মোট | |
| ১ | ঢাকা | ৬০ | ০৭ | ১২ | ১ | ০৭ | ১১ | ১৮ | |
| ২ | নারায়ণগঞ্জ | ৭০ | ০৩ | ৩ | ৩ | ১০ | - | ১০ | |
| ৩ | মানিকগঞ্জ | ৮০ | ০৩ | ৪ | ৩ | ১১ | ১ | ১২ | |
| ৪ | নরসিংদী | ৬০ | ০২ | ৫ | ৫ | ০৮ | - | ০৮ | |
| ৫ | মুন্সিগঞ্জ | ৮০ | ০৩ | ৫ | ৩ | ১১ | ২ | ১৩ | |
| ৬ | গাজীপুর | ৮০ | ০৮ | ৮ | ৬ | ১০ | ২ | ১২ | |
| ৭ | কিশোরগঞ্জ | ৯০ | ১৭ | ১৩ | ৪ | ১০ | ৯ | ১৯ | |
| ৮ | টাঙ্গাইল | ১২০ | ২৭ | ১১ | ১০ | ১৩ | ১ | ১৪ | |
| ৯ | ফরিদপুর | ৯০ | ০৭ | ৫ | ৩ | ১১ | ২ | ১৩ | |
| ১০ | গোপালগঞ্জ | ৯০ | ০৮ | ২০ | ১০ | ১০ | ১০ | ২০ | |
| ১১ | মাদারীপুর | ৫০ | ০৬ | ৭ | ৩ | ০৬ | ৪ | ১০ | |
| ১২ | শরীয়তপুর | ৮০ | ০৫ | ১ | ০ | ১১ | ১ | ১২ | |
| ১৩ | রাজবাড়ী | ৮০ | ০৫ | ৩ | ১ | ১১ | ২ | ১৩ | |
| ১৪ | ময়মনসিংহ | ১৩০ | ১৭ | ২০ | ১০ | ১৫ | ১০ | ২৫ | |
| ১৫ | জামালপুর | ১২০ | ১৮ | ১৪ | ১০ | ১৩ | ৪ | ১৭ | |
| ১৬ | নেত্রকোনা | ৯০ | ০২ | ৩ | ৩ | ১৩ | - | ১৩ | |
| ১৭ | শেরপুর | ৮০ | ০৭ | ৪ | ১ | ১১ | ৩ | ১৪ | |
| ১৮ | চট্টগ্রাম | ১৬০ | ১২ | ৮ | ৩ | ২০ | ৫ | ২৫ | |
| ১৯ | কক্সবাজার | ৮০ | ০৫ | ১ | ১ | ১১ | - | ১১ | |
| ২০ | বান্দরবান | ২৫ | ০২ | ৩ | ৩ | ০৩ | - | ০৩ | |
| ২১ | খাগড়াছড়ি | ৫০ | ০২ | ১ | ০ | ০৭ | ১ | ৮ | |
| ২২ | রাঙ্গামাটি | ৪৫ | ০৫ | ১ | ০ | ০৬ | ১ | ৭ | |
| ২৩ | নোয়াখালী | ১০০ | ০৪ | ৩ | ২ | ১৪ | ১ | ১৫ | |
| ২৪ | ফেনী | ১০০ | ০৬ | ৩ | ৩ | ১৩ | - | ১৩ | |
| ২৫ | লক্ষ্মীপুর | ১০০ | ০৫ | ৩ | ৩ | ১৩ | - | ১৩ | |
| ২৬ | কুমিল্লা | ১২০ | ০৬ | ১১ | ৯ | ১৫ | ২ | ১৭ | |
| ২৭ | চাঁদপুর | ১০০ | ০২ | ২ | ০ | ১৪ | ২ | ১৬ | |
| ২৮ | ব্রাহ্মণবাড়িয়া | ১০০ | ০৫ | ২ | ০ | ১৪ | ২ | ১৬ | |
| ২৯ | রাজশাহী | ১২০ | ১২ | ১২ | ৭ | ১২ | ৫ | ১৭ | |

CamScanner

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩০ | চাঁপাইনবাবগঞ্জ | ৯০ | ১১ | ৭ | ৫ | ১০ | ২ | ১২ | |
| ৩১ | নওগাঁ | ১৭০ | ১৬ | ১৫ | ৭ | ২০ | ৮ | ২৮ | |
| ৩২ | সিরাজগঞ্জ | ২০০ | ১২ | ১৪ | ৯ | ২৫ | ৫ | ৩০ | |
| ৩৩ | জয়পুরহাট | ১৬৫ | ২০ | ১০ | ৫ | ২০ | ৫ | ২৫ | |
| ৩৪ | পাবনা | ১৮৭ | ০৯ | ৩ | ৩ | ২৫ | - | ২৫ | |
| ৩৫ | বগুড়া | ১৫৭ | ৮৯ | ৮ | ১২ | ১০ | - | ১০ | |
| ৩৬ | নাটোর | ১৬০ | ১২ | ১০ | ২ | ২০ | ৮ | ২৮ | |
| ৩৭ | খুলনা | ৯০ | ০২ | ৪ | ২ | ১৩ | ২ | ১৫ | |
| ৩৮ | সাতক্ষীরা | ১০০ | ১০ | ২০ | ১১ | ১২ | ৯ | ২১ | |
| ৩৯ | বাগেরহাট | ৫৭ | ০২ | ১০ | ৩ | ০৭ | ৭ | ১৪ | |
| ৪০ | যশোর | ৭৫ | ০৪ | ৩ | ৩ | ১০ | - | ১০ | |
| ৪১ | নড়াইল | ১০০ | ০০ | ২১ | ৩ | ১৫ | ১৮ | ৩৩ | |
| ৪২ | ঝিনাইদহ | ১১০ | ০০ | ১৪ | ০ | ১২ | ১৪ | ২৬ | |
| ৪৩ | মাগুরা | ১১০ | ০৫ | ৮ | ৩ | ১১ | ৫ | ১৬ | |
| ৪৪ | চুয়াডাঙ্গা | ১১০ | ১১ | ৮ | ৫ | ১৩ | ৩ | ১৬ | |
| ৪৫ | মেহেরপুর | ৬৩ | ১০ | ৮ | ৫ | ০৮ | ৩ | ১১ | |
| ৪৬ | কুষ্টিয়া | ১০০ | ১৭ | ১০ | ৬ | ১১ | ৪ | ১৫ | |
| ৪৭ | রংপুর | ১০০ | ০৯ | ৮ | ৪ | ১২ | ৪ | ১৬ | |
| ৪৮ | দিনাজপুর | ১৭০ | ২৪ | ১২ | ১০ | ২০ | ২ | ২২ | |
| ৪৯ | পঞ্চগড় | ১৫০ | ০৫ | ৫ | ৫ | ২০ | - | ২০ | |
| ৫০ | লালমনিরহাট | ৯০ | ০৩ | ৯ | ৬ | ১২ | ৩ | ১৫ | |
| ৫১ | নীলফামারী | ৯০ | ০০ | ৮ | ৬ | ১০ | ২ | ১২ | |
| ৫২ | গাইবান্ধা | ১০০ | ১২ | ৮ | ৪ | ১২ | ৪ | ১৬ | |
| ৫৩ | কুড়িগ্রাম | ২০৫ | ৩৬ | ১৫ | ১০ | ২২ | ৫ | ২৭ | |
| ৫৪ | ঠাকুরগাঁও | ১০০ | ০৪ | ১২ | ৮ | ১২ | ৪ | ১৬ | |
| ৫৫ | বরিশাল | ৬৫ | ০১ | ৫ | ৩ | ০৯ | ২ | ১১ | |
| ৫৬ | ঝালকাঠি | ৬৫ | ০৬ | ১০ | ২ | ০৯ | ৮ | ১৭ | |
| ৫৭ | পিরোজপুর | ৮০ | ০২ | ৮ | ০ | ১০ | ৮ | ১৮ | |
| ৫৮ | ভোলা | ৯০ | ০৭ | ৩ | ৩ | ১২ | - | ১২ | |
| ৫৯ | পটুয়াখালী | ১২০ | ০৬ | ৯ | ০ | ১৫ | ৯ | ২৪ | |
| ৬০ | বরগুনা | ১১০ | ০৪ | ৪ | ০ | ১৫ | ৪ | ১৯ | |
| ৬১ | সিলেট | ৬০ | ০৩ | ৬ | ৪ | ০৮ | ২ | ১০ | |
| ৬২ | সুনামগঞ্জ | ৬০ | ০৪ | ২ | ২ | ০৮ | - | ৮ | |
| ৬৩ | হবিগঞ্জ | ৬০ | ০৩ | ২ | ০ | ০৮ | ২ | ১০ | |
| ৬৪ | মৌলভীবাজার | ৬২ | ০২ | ৫ | ০ | ০৮ | ৫ | ১৩ | |
| | মোট= | | ৫৭২ | ৪৯২ | ২৫৮ | ৭৮৭ | ২৩৮ | ১০২৫ | |

CamScanner